

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মৎস্য অধিদপ্তর, বাংলাদেশ
১৩, শহীদ ক্যাপ্টেন মনসুর আলী সরগি
মৎস্য ভবন, রমনা, ঢাকা।
www.fisheries.gov.bd




নং: ৩৩.০২.০০০০.১০৩.০১.০০৮.২০- ১১৪

তারিখ: ২৮/০২/২০২১ খ্রি.

মৎস্য অধিদপ্তরের নিয়োগ পরীক্ষা স্থগিত সংক্রান্ত বিজ্ঞপ্তি

মৎস্য অধিদপ্তরাধীন রাজস্ব খাতভুক্ত সরাসরি পূরণযোগ্য ১৪ থেকে ২০ গ্রেডের ৩১০টি শূন্যপদে কর্মচারী নিয়োগের লক্ষ্যে ১৯ মার্চ, ২০২০ তারিখের ৩৩.০২.০০০০.১০৩.০১.০০৮.২০-১১৬ সংখ্যক স্মারকে নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়। পরবর্তীতে আবেদনের সময়সীমা বৃদ্ধি করে ১৪ জুলাই, ২০২০ তারিখের ৩৩.০২.০০০০.১০৩.০১.০০৮.২০-১১২ সংখ্যক স্মারকে সংশোধিত বিজ্ঞপ্তি জারি করা হয়। উক্ত বিজ্ঞপ্তির প্রেক্ষিতে আবেদনকারীদের মধ্য হতে গাড়িচালক, নিরাপত্তা প্রহরি এবং অফিস সহায়ক পদের জন্য লিখিত পরীক্ষা আগামী ০৫ মার্চ, ২০২১ তারিখ, শুক্রবার বিকাল ০৩:০০ টায় এবং সীটমুদ্রাক্ষরিক কাম-কম্পিউটার অপারেটর, অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক, হ্যাচারি টেকনিশিয়ান এবং পাম্প অপারেটর পদের জন্য লিখিত পরীক্ষা আগামী ১২ মার্চ, ২০২১ তারিখ, শুক্রবার বিকাল ০৩:০০ টায় অনুষ্ঠিত হওয়ার জন্য নির্ধারিত ছিলো। টেলিটক বাংলাদেশ লিমিটেড –এর কারিগরি সহায়তায় পরীক্ষার্থীদের রেজিস্টার্ড মোবাইল নম্বরে প্রবেশপত্র ডাউনলোড সংক্রান্ত তথ্য ইতোমধ্যে প্রেরণ করা হয়েছে এবং প্রবেশপত্র ডাউনলোডের জন্য উন্মুক্ত করা হয়েছে। কিন্তু অনিবার্য কারণবশত উক্ত দুই দিনের নিয়োগ পরীক্ষা স্থগিত করা হয়েছে। পরীক্ষার তারিখ ও সময় পরবর্তীতে নির্ধারণ হলে বিজ্ঞপ্তির মাধ্যমে জানানো হবে। পরীক্ষা সংক্রান্ত সকল তথ্য মৎস্য অধিদপ্তরের ওয়েবসাইট (www.fisheries.gov.bd) –এ পাওয়া যাবে।


(মোহাঃ আতিয়ার রহমান)

উপপরিচালক (প্রশাসন)

মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, ঢাকা।

ও

সদস্য সচিব

বিভাগীয় নির্বাচন কমিটি

নং: ৩৩.০২.০০০০.১০৩.০১.০০৮.২০- ২২৪/৮(২)

তারিখ: ২৮/০২/২০২১ খ্রি.

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো:

১. অতিরিক্ত মহাপরিচালক, মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, রমনা, ঢাকা।
২. মাননীয় মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় মন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৩. সচিব মহোদয়ের একান্ত সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৪. সহকারী পরিচালক ও মহাপরিচালক মহোদয়ের স্টাফ অফিসার, মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, রমনা, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৫. প্রোগ্রামার, আইসিটি শাখা, মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, রমনা, ঢাকা (বিজ্ঞপ্তিটি অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধসহ)।
৬. সংশ্লিষ্ট নথি।



(মোহাঃ আতিয়ার রহমান)

উপপরিচালক (প্রশাসন)

মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, ঢাকা।

ও

সদস্য সচিব

বিভাগীয় নির্বাচন কমিটি

ফোন: ০২-৯৫৬৯৩৫৫

ddadmin@fisheries.gov.bd

